গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

২০১৮ সালের বিএ/বিএসএস/বিবিএস (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত

বিজ্ঞপ্তি

তারিখ: ২৩/০১/২০১৮ খ্রি.

২০১৮ সালের ১ম বর্ষ ডিগ্রি (পাস) বিএ/বিএসএস/বিবিএস প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদেরকে নিম্নবর্ণিত সময়সীমা ও নিয়মাবলী অনুসরণ করে অনলাইনে রেজিস্ট্রেশনের প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বলা হলো। **রেজিস্ট্রেশন বিষয়ক ওয়েবসাইট : (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/ admissions) থেকে ফরম ডাউনলোড করতে হবে।**

১. আবেদন করার সময়সীমা

ওয়েবসাইটে থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে	১৮/০১/২০১৮ থেকে ০৩/০২/২০১৮ তারিখ পর্যন্ত।
ডাউনলোড ও পূরণকৃত আবেদন ফরম নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগজ পত্রসহ কলেজে জমাদানের তারিখ	০৪/০২/২০১৮ তারিখ পর্যন্ত।
আবেদন ফরম জমাদানের স্থান ও সময়	কলেজের সাধারণ শাখা সকাল ১০:০০টা থেকে দুপুর ০২:০০টা পর্যন্ত।

২. আবেদন করার যোগ্যতা

(ক) বাংলাদেশে বসবাসকারী যে সকল ব্যক্তি স্বীকৃত কোন বোর্ড হতে ২০১৪ সাল অথবা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস করেছে অথবা জি,সি,ই "ও" লেভেল পরীক্ষায় কমপক্ষে ০৪টি বিষয়ে এবং "এ" লেভেল পরীক্ষায় কমপক্ষে ০২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থীগণ ২০১৮ সালের ডিগ্রী (পাস) (বিএ/ বিএসএস/ বিবিএস) কোর্সের প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(খ) যে সকল প্রার্থী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ২০১৪ সাল বা তৎপূর্বে আলিম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে সকল প্রার্থীগণ ডিগ্রী (পাস) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে আলিম পরীক্ষায় উত্তীর্ণ কোনো প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(ঘ) স্নাতক ডিগ্রিধারী যেকোনো প্রার্থী (যে সকল বিষয় নিয়ে ডিগ্রি (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া) নিম্নে উল্লিখিত ০৬ পত্র বিশিষ্ট যে কোন ০১টি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে।

সার্টিফিকেট কোর্সের বিষয় সমূহ: বাংলা (ঐচ্ছিক), ইংরেজি (ঐচ্ছিক), দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফাইন্যান্স ও ব্যাংকিং, আরবী, উর্দু, সংস্কৃত, পালি এবং ইসলামী শিক্ষা।

(ঙ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(চ) প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদনপত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনো ক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না।

(ছ) যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে প্রাইভেট /সার্টিফিকেট কোর্স করা যাবে না।

(জ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসুচী অনুসরণ করবে প্রাইভেট পরীক্ষার্থীগণও সে পাঠ্যক্রম ও পাঠ্যসুচী অনুসরণ করবে।

৩. ফিস এর বিবরণ

ক) রেজিস্ট্রেশন ফি = ৪৮৫/-
খ) আবেনপত্র ফি = ২৫০/-
গ) ইনকোর্স ফি = ২৮০/-
ঘ) মডেল টেস্ট ফি = ৩৫০/-
ঙ) যোগাযোগ ফি = ৭৫/-
চ) ব্যবস্থাপনা ফি = ৫০/-
মোট = ১,৪৯০/- (এক হাজার চারশত নব্বই) টাকা।

৪. প্রয়োজনীয় কাগজপত্রাদি যাহা আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে।

ক) স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার জন্য মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বর পত্রের মূল কপি ও সত্যায়িত ফটোকপি।

(খ) সার্টিফিকেট কোর্সের জন্য মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বর পত্রের মূল কপি ও সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সাময়িক সনদ ও নম্বর পত্রের মূল কপি ও সত্যায়িত ফটোকপি নির্ধারিত আবেদন ফরমের সঙ্গে দাখিল করতে হবে।

(গ) কোন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদ পত্র এবং পাঠ বিরতির প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(ঘ) সাদা কাগজে পরীক্ষার্থীর ০৩ (তিন) টি সত্যায়িত নমুনা স্বাক্ষর এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত দু'কপি রঙ্গীন ছবি জমা দিতে হবে। এখানে উলেখ্য যে, যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর করবেন তিনি ছবিও সত্যায়িত করবেন।

(ঙ) সামরিক বাহিনী/ পুলিশ ও আনসার বাহিনী এবং অন্যান্য সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

(চ) সরকারি /আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়ণ পত্রে উল্লেখ থাকতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: প্রত্যেক আবেদনকারীকে আবেদন পত্র জমা দেয়ার সময় তার মূল সনদপত্র ও নম্বর পত্র সংরক্ষণের জন্য নাম, ঠিকানা, মোবাইল নম্বর সম্বলিত ও একটি পাসপোর্ট সাইজের ছবি কোর্ট ফাইলের উপর আঠা দিয়ে লাগিয়ে জমা দেয়ার জন্য বলা হলো।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর ড. মো. গোলাম কিবরিয়া মন্ডল)
অধ্যক্ষ
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

(মো. মোকাররম হোসেন)
আহবায়ক
১ম বর্ষ ডিগ্রি (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কমিটি ২০১৮
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।